**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ জৈষ্ঠ্য, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং-১৬৭-আইন/২০১৮/৭৯০-মূসক।-** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে বিধৃত–

(ক) টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর যথাক্রমে, শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি পর্যায়ে;

(খ) টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর যথাক্রমে, শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি ও উৎপাদন পর্যায়ে;

(গ) টেবিল-৩ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর যথাক্রমে, শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে;

(ঘ) টেবিল-৪ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত যথাক্রমে, শিরনামা সংখ্যা ও সেবার কোড এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত মূল্য সংযোজন কর আরোপযোগ্য সেবাসমূহকে; এবং

(ঙ) টেবিল-৫ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর যথাক্রমে, শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে ব্যবসায়ী পর্যায়ে —

উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অনুচ্ছেদ ২ ও ৩ এ বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | 8517.62.30 | নেটওয়ার্ক সুইচ, হাব, রাউটার |
| 85.23 | 8523.29.12 | অপারেটিং সিস্টেম, ডেভেলপমেন্ট টুলস |
| | 8523.29.90 | সফটওয়্যার ইন ম্যাগনেটিক মিডিয়া |
| | 8523.41.00 | আনরেকর্ডেড অপটিকেল মিডিয়া |
| | 8523.49.21 | অপারেটিং সিস্টেম, ডেভেলপমেন্ট টুলস |
| | 8523.51.10 | ফ্লাশ মেমরি কার্ড বা সমজাতীয় মিডিয়া |
| | 8523.59.10 | প্রক্সিমেটিক কার্ড এন্ড ট্যাগস |
| 85.28 | 8528.42.00 | Capable of directly connecting to and designed for use with an automatic data processing machine of heading 84.71 |
| | 8528.52.10 | Computer monitor size not exceeding 22 inch |
| 90.18 | 9018.39.20 | Insulin pen/Insulin cartridge |
| 96.12 | 9612.10.10 | কম্পিউটার প্রিন্টার রিবন। |

২। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে সংশ্লিষ্ট আমদানিকারক, উৎপাদনকারী বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১, ৩২ ও ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৩। প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-২ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৪। এই বিভাগ কর্তৃক জারিকৃত ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২২৪-আইন/২০১৭/৭৭৪-মূসক এতদ্দ্বারা রহিত করা হইল।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**(মোঃ মোশাররফ হোসেন ভূইয়া, এনডিসি)**
**সিনিয়র সচিব**